যুগান্তর

তারিখ : 2 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ... ৬

# এ সরকারের আমলে শিক্ষাঙ্গনে চলছে মাদকের আগ্রাসন

## —হাসান উদ্দিন সরকার

গাজীপুর প্রতিনিধি

বর্তমান সরকারের আমলে শিক্ষাঙ্গনে মাদকের আগ্রাসন, দুর্নীতি, অনিয়ম তথা অনৈতিকতার তীব্র সমালোচনা করে বিএনপির কেন্দ্রীয় নেতা সাবেক এমপি হাসান উদ্দিন সরকার বলেন, শিক্ষাঙ্গনে নৈতিকতার পতন ঠেকানো না গেলে এ জাতি অচিরেই মেধাহীন জাতিতে পরিণত হবে।

তিনি বৃহস্পতিবার বিকালে গাজীপুর সিটি কর্পোরেশনের টঙ্গীর ৪৫ নম্বর ওয়ার্ড বিএনপি ও অঙ্গসংগঠনের উদ্যোগে আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। আসাদ আলী মাতবরের সভাপতিত্বে ইফতার মাহফিলে আরও বক্তব্য রাখেন— টঙ্গী থানা স্বেচ্ছাসেবক দলের সভাপতি মোখলেসুর রহমান, টঙ্গী থানা ছাত্রদল সভাপতি অ্যাডভোকেট শহীদুল ইসলাম, টঙ্গী থানা বিএনপির সহ-সাধারণ সম্পাদক সালাহ উদ্দিন, ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আমির হোসেন মরু, টঙ্গী থানা জাসাস সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন, ওয়ার্ড শ্রমিক দলের সভাপতি সেলিম মিয়া, সাধারণ সম্পাদক বদরুদ্দিন বদু, আবদুল জলিল, কিবরিয়া খান জনি, সোহরাব হোসেন, আনোয়ার হোসেন, শাহ আলম, আলো মিয়া, ইমাম হোসেন বাচ্চু, গোলাপ মিয়া, দেলোয়ার হোসেন, হানিফ মিয়া প্রমুখ।